গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
**বাংলাদেশ তাঁত বোর্ড**
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd

নম্বর: ২৪.০৫.০০০০.০০০.৫১১.১১.০০০৪.২৫-৩৪৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২ / ২১ সেপ্টেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ তাঁত বোর্ডের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৩তম, ১৫তম, ১৬তম ও ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে কেবলমাত্র অনলাইনে (https://bhb.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ফিল্ড সুপারভাইজার<br>গ্রেড-১৩<br>বেতনস্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ১৫<br>(পনেরো)টি | স্নাতক ডিগ্রি এবং প্রার্থীকে কম্পিউটার জ্ঞানসম্পন্ন হতে হবে। |
| ২. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতনস্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০৩<br>(তিন)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। তৎসহ Word Processing/ Data Entry ও Typing এ নিম্নরূপ গতিসম্পন্ন হতে হবে:<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। |
| ৩. | মাস্টার ডায়ার<br>গ্রেড-১৫<br>বেতনস্কেল: ৯,৭০০-২৩,৪৯০/- | ০২<br>(দুই)টি | ন্যূনতম টেক্সটাইল সার্টিফিকেট কোর্স পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বৎসরের অভিজ্ঞতা অথবা এইচএসসি (বিজ্ঞান) এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বৎসরের অভিজ্ঞতা অথবা এইচএসসি (বিজ্ঞান) এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বৎসরের অভিজ্ঞতা (প্রতিটি ক্ষেত্রেই প্রার্থীকে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণদানে সক্ষম হতে হইবে)। |
| ৪. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০২<br>(দুই)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। তৎসহ Word Processing/ Data Entry ও Typing এ নিম্নরূপ গতিসম্পন্ন হতে হবে:<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ।<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ৫. | দক্ষ তাঁতি<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক)টি | অষ্টম শ্রেণি পাসসহ সুতা হতে কাপড় তৈরি পর্যন্ত বিভিন্ন প্রক্রিয়ায় সম্যক ও বাস্তবজ্ঞান থাকতে হবে। সিএইচপিইডি, নরসিংদী ও বস্ত্র অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে প্রশিক্ষণার্থী ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ দানে সক্ষম হতে হবে। |
| ৬. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ১৫<br>(পনেরো)টি | অষ্টম শ্রেণি পাস। |
| ৭. | সাহায্যকারী<br>গ্রেড-২০<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | ০২<br>(দুই)টি | অষ্টম শ্রেণি পাস। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। আবেদনকারীর বয়স ০১.০৯.২০২৫ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে;

০২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে;

০৩। চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদপত্র ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবেনা;

০৪। সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ দেয়া হলো;

০৫। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকরি প্রাপ্তির পরও যেকোনো পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে;

০৬। লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে তার সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। অনলাইনে (Online-এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপি এবং নিম্নোক্ত পত্রাদি/সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে:

(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;

(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারি গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(ঙ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি প্রদর্শনসহ সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক পরীক্ষা ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যেকোনো পরিবর্তন/সংশোধন (যদি থাকে) বাংলাদেশ তাঁত বোর্ড এর ওয়েবসাইটে (www.bhb.gov.bd) পাওয়া যাবে;

০৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;

০৯। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে;

১০। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

১১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bhb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) **Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫ সেপ্টেম্বর ২০২৫ সকাল ১০:০০ ঘটিকা;**

(ii) **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪ অক্টোবর ২০২৫ বিকাল ০৫:০০ ঘটিকা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ আবেদন ফি জমা দিতে পারবেন;

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে;

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

(ঘ) প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক সময়ে তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-৫ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/-(বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৬-৭ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা এবং সকল গ্রেডের পদেই অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS **BHB<space>UserID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BHB ABCDEF
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BHB<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BHB<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BHB Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BHB Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bhb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) কোনো কারণে প্রার্থী তার User ID ও Password হারিয়ে ফেললে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে (User ID অথবা PIN নম্বর) ব্যবহার করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

(i) User ID জানা থাকলে:
**BHB**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222.

Example: BHB Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে:
**BHB**<space>**Help**<space>**PIN**<space>**PIN** Number & Send to 16222.

Example: BHB Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইট www.bhb.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bhb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা info@bhb.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর subject-এ Organization Name: BHB, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা/প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে;

১৩। এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ ও কোটা নীতি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে;

১৪। কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোনো আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/০৭/২০২৫
(কে এম আবুল কালাম আজাদ)
পরিচালক (প্রশাসন) [উপসচিব]
ও
সদস্য সচিব
১২-২০তম গ্রেডের পদের নিয়োগ কমিটি
বাংলাদেশ তাঁত বোর্ড

বাংলাদেশ তাঁত বোর্ড এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ তাঁত বোর্ড এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code